



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
বঙ্গবন্ধু সরকারি কলেজ ঝাউগড়া  
মেলান্দহ, জামালপুর।  
EIN-110146

তারিখঃ ০৯/০৭/২০২৪ খ্রি.

**ভর্তি বিজ্ঞপ্তি**

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখায় নিবন্ধিত শিক্ষার্থীদের ১৫/০৭/২০২৪ থেকে ২৩/০৭/২০২৪ তারিখ পর্যন্ত কলেজে শাখাওয়ারী নিম্নোক্ত ভবনে সাক্ষাৎকার গ্রহণ করা হবে। সাক্ষাৎকার শেষে অফ লাইনে নির্ধারিত ভর্তি ফি পরিশোধ পূর্বক প্রয়োজনীয় কাগজপত্রাদি ভর্তি কমিটির নিকট নিম্নোক্ত সময় সূচি অনুযায়ী জমা দিতে হবে। নির্দিষ্ট সময়ের মধ্যে ভর্তি ফি পরিশোধ পূর্বক ভর্তি ফরম পূরণ করতে ব্যর্থ হলে ভর্তি নিশ্চয়ন বাতিল বলে গণ্য হবে।

**ফরম বিতরণ-১৫/০৭/২০২৪ ও ১৬/০৭/২০২৪ তারিখ**

শাখার নাম	পূরণকৃত ফরমসহ কাগজপত্র জমাদানের তারিখ	সাক্ষাৎকারের স্থান, সময় ও কক্ষ নম্বর (আইসিটি ভবনের ২য় তলা) সকাল ১০টা থেকে বিকাল ৩টা পর্যন্ত	মেধাক্রম	পূরণকৃত ফরম জমাদানের স্থান ও সময় (আইসিটি ভবনের ২য় তলা) সকাল ১০টা থেকে বিকাল ৩টা পর্যন্ত
বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা	১৮/০৭/২০২৪	কক্ষ নং- ২০১	বোর্ড প্রদত্ত তালিকায় (সকল)	কক্ষ নং-২০২
মানবিক	২০/০৭/২০২৪	কক্ষ নং- ২০১	বোর্ড প্রদত্ত তালিকায় ১ থেকে ১৫০ পর্যন্ত	কক্ষ নং-২০২
	২১/০৭/২০২৪	কক্ষ নং- ২০১	বোর্ড প্রদত্ত তালিকায় ১৫১ থেকে ৩০০ পর্যন্ত	কক্ষ নং-২০২
	২২/০৭/২০২৪	কক্ষ নং- ২০১	বোর্ড প্রদত্ত তালিকায় ৩০১ থেকে অবশিষ্ট	কক্ষ নং-২০২
সকল বিভাগ	২৩/০৭/২০২৪	কক্ষ নং- ২০১	অবশিষ্ট	কক্ষ নং-২০২

**ভর্তির জন্য নির্ধারিত ফি সমূহ**

বিজ্ঞান		মানবিক ও ব্যবসায় শিক্ষা	
ছাত্র	ছাত্রী	ছাত্র	ছাত্রী
৩,৭৬৪/-	৩,৫২৪/-	৩,৭১৪/-	৩,৪৭৪/-

বি. দ্র. ২০২৪ সালের পূর্বে পাসকৃত শিক্ষার্থীদের পাঠ বিরতি ফি ১৫০/- অতিরিক্ত জমা দিতে হবে।

ভর্তির ধাপসমূহ: ১। ভর্তির ফরম সংগ্রহ ও সাক্ষাৎকার প্রদান।

২। পূরণকৃত ফরম ও প্রয়োজনীয় কাগজপত্রাদি সংযোজন করে ভর্তি কমিটি কর্তৃক যাচাই।

৩। ভর্তি ফি পরিশোধ ও রশিদ সংগ্রহ (প্রশাসনিক ভবনের ১০২ নং কক্ষে)

৪। সাক্ষাৎকারের সময় শিক্ষার্থীকে অবশ্যই অভিভাবকসহ উপস্থিত থাকতে হবে।

ভর্তি হতে যে সকল কাগজপত্র লাগবে:

১। ভর্তি ফরম কলেজ থেকে সংগ্রহ করে সঠিকভাবে পূরণ করতে হবে।

২। এসএসসি/সমমান পরীক্ষার পাসের মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট/মূল রেজিস্ট্রেশন কার্ড ও প্রশংসাপত্র (A4 সাইজের মোটা খামসহ)।

৩। এসএসসি/সমমান পরীক্ষার পাসের মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট, প্রশংসাপত্র, রেজি. কার্ড ও প্রবেশপত্রের ফটোকপি।

৪। শিক্ষার্থীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি ০৩ কপি।

৫। কোটার নির্বাচিত শিক্ষার্থীদের কোটার স্বপক্ষে সকল কাগজপত্রের মূল কপি প্রদর্শনপূর্বক ফটোকপি।

উল্লেখ্য যে, এসএসসি পাসের সকল মূল কাগজ কলেজে জমা দেওয়ার পূর্বে এক বা একাধিক সেট ফটোকপি করে নিজের কাছে রাখতে হবে।



অধ্যক্ষ

বঙ্গবন্ধু সরকারি কলেজ ঝাউগড়া  
মেলান্দহ, জামালপুর।



একাদশ শ্রেণির ভর্তি কমিটি-২০২৪  
বঙ্গবন্ধু সরকারি কলেজ ঝাউগড়া